

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট- এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
(বোর্ড প্রশাসন-১ শাখা)
www.nbr.gov.bd



নথি নং-৯(৮৮)বোঃপ্রঃ-১/২০১৩

তারিখঃ ০১ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ জুন, ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ আকামত হোসেন, নৈশপ্রহরী, জাতীয় রাজস্ব বোর্ড তার দায়িত্ব যথাযথভাবে পালন না করে বিভিন্ন অসামাজিক কাজ, মাদক সেবন ও অফিসে বহিরাগতদের সঙ্গে আড্ডায় লিপ্ত থাকার বিষয়ে বিভিন্ন ব্যক্তি, কর্মকর্তা/কর্মচারীগণের নিকট হতে মৌখিক অভিযোগ পাওয়া গেছে। উক্ত অভিযোগকারীদের ভাষ্যমতে, জনাব মোঃ আকামত হোসেন অফিস সময়ের পূর্বে এবং অফিস সময়ের পরে অফিসে বহিরাগতদের বিনা বাঁধায় প্রবেশের সুযোগ তৈরী করে দেন এবং তাদের সাথে আড্ডা, মাদক সেবনসহ নানা ধরনের অসামাজিক কাজে লিপ্ত থাকেন। উক্ত অভিযোগসমূহের ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ডের ১৯/০৫/২০২৬ খ্রি. তারিখের ৯(৮৮)বোঃপ্রঃ-১/২০১৩-২৯০ নং স্মারক মোতাবেক তাকে কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে জনাব মোঃ আকামত হোসেন লিখিত জবাব দাখিল করেন, যা সন্তোষজনক নয় এবং অভিযোগের সত্যতা আছে মর্মে প্রতীয়মান হয়; এবং

- ০২। যেহেতু, জনাব মোঃ আকামত হোসেন, নৈশ প্রহরী অসামাজিক কাজ, মাদক সেবন ও অফিসে বহিরাগতদের সঙ্গে আড্ডায় লিপ্ত হওয়ায় সরকারি চাকরির শৃঙ্খলা পরিপন্থি কার্যক্রম করেছেন বিধায় উক্ত অপরাধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-২(খ) ও বিধি-৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর দায়ে তার বিরুদ্ধে বিভাগীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়;
- ০৩। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-১২ অনুযায়ী জনাব মোঃ আকামত হোসেন, নৈশপ্রহরী, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা’কে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হলো।
- ০৪। তিনি সাময়িক বরখাস্তকালীন বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।
- ০৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ)
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং-৯(৮৮)বোঃপ্রঃ-১/২০১৩ / ১৩৬

তারিখঃ ০১ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ জুন, ২০২৬ খ্রিস্টাব্দ

স্বার্থার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাকে আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
- ০২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৪। ব্যক্তিগত সহকারী, সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৫। ব্যক্তিগত সহকারী, প্রথম সচিব (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৬। জনাব মোঃ আকামত হোসেন, নৈশ প্রহরী, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৭। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ)
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।